

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগর দায়রা জজ এবং

পদাধিকারবলে

মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব কর্ণেল মোঃ শহিদ উদ্দিন খান (অবঃ) এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ৩০-০৬-২০২২ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

(১০১১৭)

মূল্য : টাকা ৪.০০

তফসিল

| মামলার নম্বর ও ধারা | |
|---|---|
| মেট্রো : বিশেষ মামলা নং-১৯/২০২১ | |
| সূত্র : দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ প্রাথমিক তথ্য নং-০৩, তারিখ-২৪-০১-২০২১ খ্রিঃ। | |
| ধারা : দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৬(২) ধারা। | |
| ক্রমিক নং | পলাতক আসামীর নাম ও ঠিকানা |
| ১। | জনাব কর্ণেল মোঃ শহিদ উদ্দিন খান (অবঃ) পিতা-মৃত মুজাফফর আলী খান, আবাসিক ঠিকানা : বাড়ি নং-১৮৪ (এ-২), রোড নং-২, (পশ্চিম) বারিধারা ডিওএইচ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬; স্থায়ী ঠিকানা : সাং-সুবিদপুর, পোঃ সুবিদপুর, থানা-নলছিটি, জেলা-ঝালকাঠি এবং বর্তমান ঠিকানা : 57 Coombe Lane, London, SW20 OBD UK and 239 West Barnes Lane, New Malden, London, KT3 6JD, UK. |
| | |

কে,এম, ইমরুল কায়েশ
মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।